

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

ডিএফআইএম সার্কুলার নং - ০৭

তারিখ- ৩১ জুলাই, ২০১১
১৬ শ্রাবণ, ১৪১৮

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক,
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

Deferred Tax হিসাব সংরক্ষণ প্রসঙ্গে।

সম্প্রতি দেখা যাচ্ছে যে, বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুসরণ করে শ্রেণীকৃত ঋণ, লীজ বা বিনিয়োগ এর বিপরীতে আর্থিক প্রতিষ্ঠানসমূহ প্রয়োজনীয় সংস্থান সংরক্ষণ করলেও কোন কোন আর্থিক প্রতিষ্ঠান উক্ত ঋণ, লীজ বা বিনিয়োগ আদায় হয়ে যাবে বা অবলোপিত হবে বিবেচনা করে উক্ত সংস্থানের উপর ভিত্তি করে 'Deferred Tax Asset'- recognize করে আর্থিক বিবরণী (Financial Statements) প্রস্তুত করেছে। এর ফলে সংশ্লিষ্ট আর্থিক প্রতিষ্ঠানের কর-পরবর্তী মুনাফা ও সম্পত্তির পরিমাণ স্ফীত হচ্ছে। আর্থিক প্রতিষ্ঠানের প্রকৃত আর্থিক অবস্থা প্রতিফলনের লক্ষ্যে আর্থিক বিবরণীতে 'Deferred Tax Asset' ও 'Deferred Tax Liability' সংক্রান্ত হিসাব অন্তর্ভুক্ত করার ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালা অনুসরণের জন্য আর্থিক প্রতিষ্ঠানসমূহকে নির্দেশ দেয়া হলো :-

- ১) ঋণ, লীজ বা বিনিয়োগ এর বিপরীতে রক্ষিত সংস্থানের উপর ভিত্তি করে 'Deferred Tax Asset'- recognize করা যাবে না;
- ২) বাংলাদেশ একাউন্টিং স্ট্যান্ডার্ড অনুযায়ী অন্যান্য যে সমস্ত বিষয়ের উপর আয়কর আইন অনুযায়ী ভবিষ্যতে আয়কর সুবিধা পাওয়া যাবে সে সমস্ত বিষয়ের উপর 'Deferred Tax Asset'- recognize করা হলে সে সম্পর্কে বিস্তারিত বিবরণ (ভিত্তি, পরিমাণ ও সমন্বয়ের সময়) আর্থিক বিবরণীর Notes to the accounts এ উল্লেখ করতে হবে; বাংলাদেশ একাউন্টিং স্ট্যান্ডার্ড এ যে সমস্ত বিষয়ের উপর 'Deferred Tax Liability' হিসাব recognize করার কথা উল্লেখ রয়েছে সে সমস্ত বিষয়ের উপর আবশ্যিকভাবে তা recognize করতে হবে এবং কোন অবস্থাতেই 'Deferred Tax Asset' ও 'Deferred Tax Liability' কে নীট করে Balance Sheet (Statement of Financial Position) এ দেখানো যাবে না;
- ৩) আয়কর সংস্থান সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে বিদ্যমান সকল আইন-কানুন ও বিধিবিধান যথাযথভাবে অনুসরণপূর্বক আয়কর সংক্রান্ত হিসাবায়ন আর্থিক বিবরণীর Notes to the accounts এ উল্লেখ করতে হবে এবং
- ৪) উপরোক্ত নির্দেশনার ব্যত্যয় ঘটিয়ে মুনাফা ও সম্পদের পরিমাণ স্ফীত করে দেখানো যাবে না।

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জনস্বার্থে এ নির্দেশ জারী করা হলো যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ সোহরাওয়ার্দী)
মহাব্যবস্থাপক
ফোন : ৭১২০৩৬২